তাগিদপত্র-২
ই-মেইল/রেজিস্টার্ড ডাকযোগে

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা (উত্তর), ঢাকা।
**(অস্থায়ী কার্যালয়)**

নথি নং-৫(১৩)১৪৬/কাস-বন্ড/লাইঃ/তুলাগা/২০১২/৭৫ তারিখঃ ০৫.০১.২০২৩ খ্রিঃ।

বিষয় ঃ **শুল্ক-করাদি ও অর্থদন্ড বাবদ ১,১৬,০০,০০০.০০ (এক কোটি ষোল লক্ষ) টাকা পাওনা পরিশোধ প্রসঙ্গে।**

সূত্র ঃ ১। এ দপ্তরের বিচারাদেশ নং- ১৬১/গার্মেন্টস সার্কেল-০৩/২০২২, তারিখঃ ১০.১০.২০২২ খ্রিঃ।
২। সমনথির পত্র নং- ৩১১, তারিখঃ ৩০.১১.২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার/আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স তুলাগা সোয়েটার লিঃ, ঠিকানা ঃ প্লট নং-এ/৮-৯, বিসিক কোনাবাড়ী, গাজীপুর (বন্ড লাইসেন্স নং-১৪৩৪/কাস-এসবিডব্লিউ/২০১২, তারিখ ঃ ১৪.০৮.২০১২ খ্রিঃ, মূসক নিবন্ধন নং- ১৮০৭১০৩৯২৩৭, তারিখঃ ২০/০৬/২০১২ খ্রিঃ, ই-বিন নং- ০০২২৭৬৮৩৫-০১০৩, তারিখঃ ০৬/১১/২০১৯ খ্রিঃ) নামীয় আপনার/আপনাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে সূত্রোক্ত পত্রের মাধ্যমে (ক) বন্ড সুবিধায় আমদানিকৃত ৭৩,৮৬৬.০০ কেজি ইয়ার্ণ অবৈধ অপসারণের বিষয়টি প্রতিষ্ঠিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 111 মোতাবেক ফাঁকিকৃত শুল্ক করাদি বাবদ ১,০৯,৩৯,৪৩২.১৬ (এক কোটি নয় লক্ষ উনচল্লিশ হাজার চারশত বত্রিশ দশমিক এক ছয়) টাকা পরিশোধের জন্য বলা হলো এবং The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের Clause 1, 61 ও 90 এর বিধান মোতাবেক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর ৫,৬০,৫৬৭.৮৪ (পাঁচ লক্ষ ষাট হাজার পাঁচশত সাতষট্টি দশমিক আট চার) টাকা অর্থদন্ড আরোপ করা হল। শুল্ক করাদি বাবদ ১,০৯,৩৯,৪৩২.১৬ (এক কোটি নয় লক্ষ উনচল্লিশ হাজার চারশত বত্রিশ দশমিক এক ছয়) টাকা + অর্থদন্ড বাবদ ৫,৬০,৫৬৭.৮৪ (পাঁচ লক্ষ ষাট হাজার পাঁচশত সাতষট্টি দশমিক আট চার) টাকাসহ সর্বমোট = ১,১৫,০০,০০০.০০ (এক কোটি পনের লক্ষ) টাকা এবং (খ) অনিয়ম সংগঠনের দায়ে The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলভূক্ত Clause 1 অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা অর্থাৎ (ক+খ) মোতাবেক সর্বমোট = ( ১,১৫,০০,০০০.০০ + ১,০০,০০০.০০) = ১,১৬,০০,০০০.০০ (এক কোটি ষোল লক্ষ) টাকা পরিশোধ এবং এ আদেশ জারির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ই-পেমেন্ট এর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য বিচারাদেশ জারী করা হয় এবং সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে পরিশোধ করার জন্য বলা হলেও আপনি/আপনারা অদ্যাবধি উক্ত দাবিনামার টাকা পরিশোধ করেননি।

০৩। এমতাবস্থায়, আগামী ১৫ (পনের) দিনের মধ্যে উল্লিখিত দাবীনামার টাকা পরিশোধের জন্য আপনাকে পুনরায় অনুরোধ করা হলো। ব্যর্থতায় দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ২০২ ধারা মোতাবেক উপরোক্ত সরকারী পাওনা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫.০১.২০২৩
[ মোঃ খায়রুল আলম ]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে

**প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক**
মেসার্স তুলাগা সোয়েটার লিঃ,
প্লট নং-এ/৮-৯, বিসিক কোনাবাড়ী, গাজীপুর।

নথি নং-৫(১৩)১৪৬/কাস-বন্ড/লাইঃ/তুলাগা/২০১২/৭৫(১) ৭৫ তারিখঃ ০৫.০১.২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১. পি এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭৫

০৫.০১.২০২৩
[ মোঃ খায়রুল আলম ]
উপ কমিশনার

D:\Tagid Potro (Kazi Atikur Rahman)\Tagid Potro (Kazi Atikur Rahman)\Money Payment\Tulaga Sweaters Ltd., 2022(11)Tagid Potro.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।
(অস্থায়ী কার্যালয়)

নথি নং-৫(১৩)১৪৬/কাস-বন্ড/লাইঃ/তুলাগা/২০১২/ ২০৭

তারিখ ঃ ০৫/০১.২০২৩ খ্রিঃ।

**বিষয় ঃ মেসার্স তুলাগা সোয়েটার লিঃ, ঠিকানা ঃ প্লট নং-এ/৮-৯, বিসিক কোনাবাড়ী, গাজীপুর (বন্ড লাইসেন্স নং-১৪৩৪/কাস-এসবিডব্লিউ/২০১২, তারিখ ঃ ১৪.০৮.২০১২ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স কেন বাতিল করা হবে না সে বিষয়ে কারণ দর্শানো নোটিশ জারি প্রসঙ্গে।**

সূত্র ঃ ১। এ দপ্তরের বিচারাদেশ নং- ১৬১/গার্মেন্টস সার্কেল-০৩/২০২২, তারিখঃ ১০.১০.২০২২ খ্রিঃ।
২। সমনথির পত্র নং- ৩১১, তারিখঃ ৩০.১১.২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার/আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স তুলাগা সোয়েটার লিঃ, ঠিকানা ঃ প্লট নং-এ/৮-৯, বিসিক কোনাবাড়ী, গাজীপুর (বন্ড লাইসেন্স নং-১৪৩৪/কাস-এসবিডব্লিউ/২০১২, তারিখ ঃ ১৪.০৮.২০১২ খ্রিঃ, মূসক নিবন্ধন নং- ১৮০৭১০৩৯২৩৭, তারিখঃ ২০/০৬/২০১২ খ্রিঃ, ই-বিন নং- ০০২২৭৬৮৩৫-০১০৩, তারিখঃ ০৬/১১/২০১৯ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্সের শর্ত ৮ অনুযায়ী প্রতি বছর নিরীক্ষা করার বিধান থাকা সত্ত্বেও কম্পিউটার ডাটা-বেইজ অনুযায়ী প্রতিষ্ঠানটি বিগত ১৪.০৮.২০১৮ খ্রিঃ হতে অদ্যাবধি পর্যন্ত নিরীক্ষা সম্পন্ন করেননি এবং নিরীক্ষা কাজে সহযোগিতা না করায় প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স সাময়িকভাবে স্থগিত (Suspend) ও BIN (Business Identification No) লক করা হয়।

০৩। সূত্রোক্ত পত্রের মাধ্যমে (ক) বন্ড সুবিধায় আমদানিকৃত ৭৩,৮৬৬.০০ কেজি ইয়ার্ণ অবৈধ অপসারণের বিষয়টি প্রতিষ্ঠিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 111 মোতাবেক ফাঁকিকৃত শুল্ক করাদি বাবদ ১,০৯,৩৯,৪৩২.১৬ (এক কোটি নয় লক্ষ উনচল্লিশ হাজার চারশত বত্রিশ দশমিক এক ছয়) টাকা পরিশোধের জন্য বলা হলো এবং The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের Clause 1, 61 ও 90 এর বিধান মোতাবেক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর ৫,৬০,৫৬৭.৮৪ (পাঁচ লক্ষ ষাট হাজার পাঁচশত সাতষট্টি দশমিক আট চার) টাকা অর্থদন্ড আরোপ করা হল। শুল্ক করাদি বাবদ ১,০৯,৩৯,৪৩২.১৬ (এক কোটি নয় লক্ষ উনচল্লিশ হাজার চারশত বত্রিশ দশমিক এক ছয়) টাকা + অর্থদন্ড বাবদ ৫,৬০,৫৬৭.৮৪ (পাঁচ লক্ষ ষাট হাজার পাঁচশত সাতষট্টি দশমিক আট চার) টাকাসহ সর্বমোট = ১,১৫,০০,০০০.০০ (এক কোটি পনের লক্ষ) টাকা এবং (খ) অনিয়ম সংগঠনের দায়ে The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলভূক্ত Clause 1 অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা অর্থাৎ (ক+খ) মোতাবেক সর্বমোট = ( ১,১৫,০০,০০০.০০ + ১,০০,০০০.০০) = ১,১৬,০০,০০০.০০ (এক কোটি ষোল লক্ষ) টাকা এ আদেশ জারির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ই-পেমেন্ট এর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য বিচারাদেশ জারী করা হয় এবং সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে পরিশোধ করার জন্য বলা হলেও আপনি/আপনারা অদ্যাবধি উক্ত দাবিনামার টাকা পরিশোধ করেননি। পরিদর্শন টিম ১২.১২.২০২২ খ্রিঃ তারিখে লাইসেন্স নথিভুক্ত বাড়ি ভাড়ার চুক্তিপত্রে উল্লিখিত ৩য়-৭ম তলা সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে ৩য় তলায় নকশী বাংলা এবং ৫ম-৬ষ্ঠ তলায় এস এম সোর্সিং নামে দুইটি অন্য প্রতিষ্ঠানের অস্তিত্ব পাওয়া যায়। ৭ম তলা তালাবদ্ধ ও ফাঁকা অবস্থায় পাওয়া যায়। ৪র্থ তালাবদ্ধ অবস্থায় পাওয়া যায়। তবে ৪র্থ তলায় শুধু মেসার্স তুলাগা সোয়েটার লিমিটেড নামে একটি সাইনবোর্ড ঝুলানো অবস্থায় দেখতে পাওয়া যায়।

০৪। আপনার প্রতিষ্ঠানটির গত ১৪.০৮.২০১৮ খ্রিঃ হতে হালনাগাদ মেয়াদ পর্যন্ত বার্ষিক নিরীক্ষা কার্যক্রম অনিষ্পন্ন ও দীর্ঘদিন যাবত বন্ডিং কার্যক্রম বন্ধ এবং প্রতিষ্ঠানটি বর্তমানে অস্তিত্বহীন। লাইসেন্সটির এহেন কার্যক্রম ঝুঁকিপূর্ণ বিধায় Customs Act,1969 এর section 13 এর sub-section (3) এর Clause (B) মোতাবেক মেসার্স তুলাগা সোয়েটার লিঃ, ঠিকানা ঃ প্লট নং-এ/৮-৯, বিসিক কোনাবাড়ী, গাজীপুর (বন্ড লাইসেন্স নং-১৪৩৪/কাস-এসবিডব্লিউ/২০১২, তারিখ ঃ ১৪.০৮.২০১২ খ্রিঃ)] নামীয় প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স কেন বাতিল করা হবে না সে বিষয়ে ব্যাখ্যা সম্বলিত লিখিত জবাব আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে অত্র দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সরকারি রাজস্ব সু-রক্ষার স্বার্থে বিষয়টি আইনানুগভাবে নিষ্পত্তি করা হবে।

০৫/০১/২০২৩
[ মোঃ আজিজুর রহমান ]
কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
ঢাকা (উত্তর), ঢাকা

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স তুলাগা সোয়েটার লিঃ,
প্লট নং-এ/৮-৯, বিসিক কোনাবাড়ী, গাজীপুর।

নথি নং-৫(১৩)১৪৬/কাস-বন্ড/লাইঃ/তুলাগা/২০১২/ ২০৭(১-৭)

তারিখ ঃ ০৫/০১.২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১। সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস # ৭/৭এ, ব্লক # এইচ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা- ১২৩০।
৩। ব্যবস্থাপক, ঢাকা ব্যাংক লিঃ, মহাখালী শাখা, বীর উত্তম এ,কে খন্দকার সড়ক, ১০০ মহাখালী, ঢাকা।
৪। ব্যবস্থাপক, এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, উত্তরা, ঢাকা।
৫। ব্যবস্থাপক, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, মিরপুর শাখা, উত্তরা, ঢাকা।
৬। ব্যবস্থাপক, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মিরপুর শাখা, মিরপুর, ঢাকা।
৭। পি এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

০৫.০১.২০২৩
[ মোঃ খায়রুল আলম ]
উপ কমিশনার

...Azizur Rahman (Others)\Licence Cancel-2021\Tulaga Sweater Ltd. 2023(01) Final.doc

CamScanner